গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
প্রশাসন-২ শাখা
www.mowr.gov.bd

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪২.০০.০০০০.০৩২.৯৯.১০৩.১৭.১১৫৭

**বিষয়: ইনোভেশন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ক কমিটি গঠন।**
সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩২.১৮.০০১.২৩-৭৭ ; তারিখ: ১৬/১১/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে রূপকল্প-২০৪১ এর অভীষ্ট লক্ষ্য বিনির্মাণে নাগরিককেন্দ্রিক, স্বচ্ছ ও জবাবদিহিমূলক এবং কাগজবিহীন, উপাত্তনির্ভর, আন্ত:সংযুক্তি, আন্ত:চালিত, সমন্বিত স্বয়ংক্রিয় স্মার্ট সরকার ব্যবস্থা নিশ্চিতকরণে পানি সম্পদ মন্ত্রণালয়ের ইনোভেশন কমিটি নির্দেশক্রমে পুন:গঠন করা হলো:

| নং | কর্মকর্তার নাম ও পদবি | |
|---|---|---|
| ১. | যুগ্মসচিব (উন্নয়ন-১ অধিশাখা) | চীফ ইনোভেশন অফিসার |
| ২. | যুগ্মসচিব (প্রশাসন) | সদস্য |
| ৩. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা) | সদস্য |
| ৪. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-১ শাখা) | সদস্য |
| ৫. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (RM&PR) | সদস্য |
| ৬. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (অডিট) | সদস্য |
| ৭. | সিস্টেম এনালিস্ট | সদস্য |
| ৮. | প্রোগ্রামার | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট |

২। কমিটির কার্যপরিধি(ToR):

(ক) নিজ/আওতাধীন দপ্তরের সেবা প্রদান প্রক্রিয়া, কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়া এবং ডাটা-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;
(খ) এই সংক্রান্ত কার্যক্রমের বাৎরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ বাস্তবায়ন;
(গ) প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
(ঘ) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয়সাধন;
(ঙ) প্রতি বৎসর ৩১ জুলাই-এর মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা-মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং স্বীয় ওয়েবসাইটে প্রকাশ;
(চ) ২০৪১ সালের মধ্যে স্মার্ট সিটিজেন, স্মার্ট গভর্নমেন্ট, স্মার্ট সোসাইটি ও স্মার্ট ইকোনমি গাড়ির বিভিন্ন ডিজিটাইজেশন উদ্যোগ গ্রহণ, সরকার কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন ডিজিটাইজেশন উদ্যোগ আত্মীকরণ ও বাস্তবায়ন এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ, তদারকি ও মূল্যায়নের ব্যবস্থাকরণ;
(ছ) পরিবর্তনের রূপকার হিসাবে (স্বীয় কার্যালয়ে) সেবা প্রদান, অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়া এবং ডাটা-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়িয়া তোলা এবং প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিমের

সদস্যগণের কর্মস্পৃহার বিকাশসাধন;

(জ) নিজ/আওতাধীন দপ্তরের আইসিটি, ডিজিটাল লিডারশিপ, ডাটা গভর্নেন্স, ওপেন ডাটা, ডাটা লিডারশিপ, ডাটা এনালাইটিক্স, ডাটা ভিজ্যুয়ালাইজেশন ও সকল উদ্ভাবনী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজকর্মে উদ্ভাবন ও উৎসাহিতকরণ, ডাটা-ভিত্তিক প্রজেক্ট গ্রহণ, বাস্তবায়ন, তদারকি এবং সরকারি ডাটা সেন্টারে ডাটা সংরক্ষণ, ডাটা আদান প্রদান সহজলভ্যতা নিশ্চিতকরণ, ডাটা-নির্ভর সিদ্ধান্ত গ্রহণের সংস্কৃতির বিকাশ এবং ডাটা লিডারশিপ ও উন্নত প্রযুক্তির প্রয়োগ অগ্রাধিকার প্রদান এবং সমন্বয়সাধন;

(ঝ) নিজ/আওতাধীন দপ্তরের সকল সেবাকে ই-সেবায় রূপান্তরে সমন্বয়, নিজ/আওতাধীন দপ্তরে নির্মিত সফটওয়্যারের সোর্স-কে ভেন্ডরের নিকট হইতে বুঝিয়া নেওয়া ও সুরক্ষিতকরণে পদক্ষেপ গ্রহণ, সফটও্যার কোয়ালিটি টেস্টিং সার্টিফিকেট নিশ্চিতকরণ, ই-সেবা বাস্তবায়নে "মাইগভ" এর মাধ্যমে সেবা প্রদান, ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে আদান-প্রদান এবং দাপ্তরিক কাজে সরকারি ই-মেইল ব্যবহারে উদ্বুদ্ধকরণ;

(ঞ) নিজ/আওতাধীন দপ্তরের যাবতীয় তথ্যাবলির সন্নিবেশ করিয়া প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরি ও হালনাগাদ রাখিবার ব্যবস্থা গ্রহণ এবং কার্যালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ এবং আরএমএস ও জিআরএস ব্যবহার নিশ্চিতকরণ;

(ট) সরকারি-বেসরকারি সেবা তৈরিতে নাগরিক ও সরকারের অধিকতর সমন্বয় নিশ্চিতকল্পে ই-পার্টিসিপেশন বৃদ্ধিতে পদক্ষেপ গ্রহণ; এবং ই-ইক্যুয়ালিটি নিশ্চিতকরণের মাধ্যমে ডিজিটাল বৈষম্য হ্রাসকল্পে উদ্যোগ গ্রহণ;

(ঠ) নিজ/আওতাধীন দপ্তরের উদ্ভাবনী উদ্যোগসমূহে চতুর্থ শিল্প বিপ্লব/অগ্রসরমান প্রযুক্তির প্রয়োগ/ব্যবহার বৃদ্ধিকরণ এবং এ সকল প্রযুক্তিকে সম্পৃক্ত করিয়া নাগরিককেন্দ্রিক স্মার্ট সেবা প্রদান নিশ্চিতকরণ;

(ড) নিজ/আওতাধীন দপ্তরের কোনো উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং সফলভাবে বাস্তবায়িত হইলে সম্ভাব্যতা যাচাইপূর্বক তা স্কেল-আপের ব্যবস্থা গ্রহণ এবং স্কেল-আপ হওয়া সফল উদ্ভাবনী উদ্যোগসমূহ অব্যাহত রাখিতে প্রয়োজনীয় তদারকি ও সহযোগতা প্রদান;

(ঢ) নিজ দপ্তরের কার্য/সেবার অনুরূপ কোনো কার্য/সেবার ক্ষেত্রে অন্যান্য সংস্থা'র কোনো উদ্ভাবনী উদ্যোগসমূহ অনুসন্ধান করা এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্য সংস্থা'র সফল উদ্যোগ প্রয়োজনীয় পরিমার্জনপূর্বক নিজ দপ্তরে অনুকরণ/অনুসরণের জন্য ব্যবস্থা গ্রহণ;

(ণ) নাগরিকসেবা সহজীকরণ (service process simplification)-এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;

(ত) সাইবার নিরাপত্তা ও উপাত্ত সুরক্ষা নিশ্চিতকরণে উদ্যোগ গ্রহণ;

(থ) বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার (BNDA)-এর আওতায় আইসিটি কার্যক্রমকে আদর্শমান আনয়ন (standardization) এবং ইন্টিগ্রেশন ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ;

(দ) জাতীয় আইসিটি নীতিমালা ২০১৮ এ বর্ণিত ICT Action Plan -এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;

(ধ) স্ব স্ব কার্যালয়ের আইসিটি কার্যক্রমের বাজেট তৈরি, প্রকল্প গ্রহণ, অর্থায়নের ব্যবস্থা গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন; এবং

(ন) তথ্য অধিকার আইন অনুসারে স্ব স্ব কার্যালয়ের নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সহিত সমন্বয়সাধন।

৩। এতদদ্বারা এ সংক্রান্ত পূর্বের আদেশটি রহিত করা হলো।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

০৮-১২-২০২৪
সুজিত হাওলাদার
উপসচিব
৫৫১০০৭০১
admin2@mowr.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সিনিয়র মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ।

**দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

সিনিয়র মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ।

**স্মারক নম্বর:** ৪২.০০.০০০০.০৩২.৯৯.১০৩.১৭.১১৫৭/১ (১০)

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। যুগ্মসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব (প্রশাসন), পানি সম্পদ মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
৪। উপসচিব, প্রশাসন-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৫। উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৬। সিনিয়র সহকারী সচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট, পানি সম্পদ মন্ত্রণালয়।
৭। সহকারী সচিব, অডিট শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়।
৯। প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়।
১০। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।

০৮-১২-২০২৪
সুজিত হাওলাদার
উপসচিব